

জেলা পরিষদ কার্যালয়
নীলফামারী
www.zpnilphamari.gov.bd
“নিয়োগ বিজ্ঞপ্তি”


স্মারক নং : ৪৬.৪৭.৭৩০০.০০১.১১.০০১.১৯.৫০০

তারিখ: ১২ জৈষ্ঠ্য, ১৪২৬ বঙ্গাব্দ
২৬ মে, ২০১৯ খ্রীষ্টাব্দ

স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের ছাড়পত্র মোতাবেক নীলফামারী জেলা পরিষদের সাংগঠনিক কাঠামোভূক্ত নিম্ন-বর্ণিত শূন্য পদ সমূহ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকের নিকট হতে সংযুক্ত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্র.ন.	পদের নাম	পদ সংখ্যা	বেতনস্কেল	শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য অভিজ্ঞতা
১)	সার্ভেয়ার	১টি	৯৩০০-৯৭৭০-...২২৪৯০ (গ্রেড-১৬)	সরকার কর্তৃক অনুমোদিত সার্ভে ইনস্টিটিউট হতে ডিপ্লোমা।

- ০১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে; চাকুরীর আবেদন ফরম জেলা পরিষদের ওয়েব-সাইটে পাওয়া যাবে।
- ০২। ২ কপি সত্যায়িত পাসপোর্ট সাইজ ছবিসহ আবেদনপত্র নিজের নাম ও ঠিকানা লিখিত ১০/- টাকার ডাকটিকেট লাগানো ১০.৫ ইঞ্চি X ৪.৫ ইঞ্চি সাইজের একটি খাম সহকারে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নীলফামারী বরাবরে আগামী ১৪/০৬/২০১৯ইং তারিখের মধ্যে ডাকযোগে আবেদন পত্র প্রেরণ করতে করতে হবে।
- ০৩। প্রার্থীর বয়সসীমা আগামী ৩০/০৪/২০১৯ইং খ্রিস্টাব্দে ১৮-৩০ বৎসরের মধ্যে হতে হবে। তবে বিভাগীয় প্রার্থী, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/নাতি- নাতনী এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়স ৩২ (বত্রিশ) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- ০৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নীলফামারী এর অনুকূলে ৩০০/- (তিনশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/চালানের মূল কপি (অফেরতযোগ্য) আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ/ভুল তথ্য সম্বলিত ও বিলম্বে প্রাপ্ত দরখাস্ত বাতিল বলে গণ্য হবে।
- ০৫। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারীকে প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা হতে হবে এবং কর্মকর্তার সুস্পষ্ট নাম ও পদবীসহ সিল থাকতে হবে।
- ০৬। খামের উপর মোটা অক্ষরে পদের নাম, বিশেষ কোটা (যদি থাকে) এবং বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম, ঠিকানা স্পষ্ট করে উল্লেখ করতে হবে।
- ০৭। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।
- ০৮। এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী। এটি স্থায়ী নিয়োগের নিশ্চয়তা বহন করে না। নিয়োগ সংক্রান্ত কোন জটিলতার সৃষ্টি হলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- ০৯। দরখাস্ত বাছাইয়ের সময় কেবলমাত্র উপযুক্ত বিবেচিত হলে প্রার্থীকে লিখিত পরীক্ষার জন্য ডাকা হবে এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণগণকে মৌখিক পরীক্ষায় ডাকা হবে।
- ১০। চাকুরীতে নিয়োগের পূর্বে পুলিশ ভেরিফিকেশন ও এবং সিভিল সার্জন কর্তৃক স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করতে হবে।
- ১১। তথ্য গোপন বা ভুল তথ্যে চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হলে কর্তৃপক্ষ দায়ী হবে না। এক্ষেত্রে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ১২। চাকুরীর শর্তাবলী, বেতন-ভাতাদি ও সুযোগ-সুবিধার ক্ষেত্রে জেলা পরিষদ আইন-২০০০, স্থানীয় সরকার (জেলা পরিষদ) কর্মকর্তা-কর্মচারী চাকুরী বিধিমালা ১৯৯০ ও জারীকৃত নির্দেশাবলী প্রযোজ্য হবে এবং কোন কারণ দর্শানো ব্যতিরেকে আবেদন পত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত থাকবে।
- ১৩। ইতোপূর্বে নীলফামারী জেলা পরিষদের ১৭ এপ্রিল, ২০১৯ইং তারিখের ৪৬.৪৭.৭৩০০.০০১.১১.০০১.১৯.৪৪৮ নং স্মারকোচ্ছ বিজ্ঞাপন এর প্রেক্ষিতে যারা উক্ত পদের জন্য আবেদন করেছেন তাদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই।




(মোঃ রবিউল ইসলাম)
সহকারী প্রকৌশলী (ভাঃ)
জেলা পরিষদ, নীলফামারী।

স্মারক নং : ৪৬.৪৭.৭৩০০.০০১.১১.০০১.১৯.৫০০

তারিখ: ১২ জৈষ্ঠ্য, ১৪২৬ বঙ্গাব্দ
২৬ মে, ২০১৯ খ্রীষ্টাব্দ

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও নোটিশ বোর্ডে টাঙ্গিয়ে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ সহ।

- ০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
 - ০২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
 - ০৩। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
 - ০৪। জেলা প্রশাসক, (সকল)।
 - ০৫। চেয়ারম্যান, জেলা পরিষদ, (সকল)।
 - ০৬। পুলিশ সুপার/সিভিল সার্জন, নীলফামারী।
 - ০৭। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারী।
 - ০৮। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সওজ/গণপূর্ত/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নীলফামারী।
 - ০৯। জেলা শিক্ষা অফিসার/জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা/জেলা তথ্য অফিসার, নীলফামারী।
 - ১১। উপজেলা পরিষদ চেয়ারম্যান/উপজেলা নির্বাহী অফিসার/মেয়র, (নীলফামারীস্থ সকল)।
 - ১২। সিএ টু চেয়ারম্যান/প্রধান নির্বাহী কর্মকর্তা/হিসাব রক্ষক, জেলা পরিষদ, নীলফামারী। চেয়ারম্যান/প্রধান নির্বাহী কর্মকর্তার সদয় অবগতির জন্য।
 - ১৩। সম্পাদক, দৈনিক নীলফামারী বার্তা, পত্রিকায় আগামী ২৭/০৫/২০১৯ইং তারিখের মধ্যে সীমিত পরিসরে ১দিনের জন্য প্রকাশের অনুরোধসহ।
 - ১৪। অফিস কপি/ নীলফামারী জেলা পরিষদ ওয়েবসাইট।
- বিতরণ: জনাব/জনাবা , সদস্য (সাধারণ/সংরক্ষিত), ওয়ার্ড নং , জেলা পরিষদ, নীলফামারী।



সহকারী প্রকৌশলী (ভাঃ)
জেলা পরিষদ, নীলফামারী।